



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.patuakhali.gov.bd



গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলাধীন কলাপাড়া উপজেলার রাবনাবাদ এলাকায় দেশের ৩য় সমুদ্র বন্দর, পায়রা সমুদ্র বন্দর নির্মাণের লক্ষ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষ এসএ জরিপভুক্ত জেএল ১৭ চান্দুপাড়া মৌজার ০৪ নম্বর সিটের ১৯৪.৩২ (একশত চুরানববই দশমিক তিন দুই) একর, ০৫ নম্বর সিটের ৫৪৬.৬৬ (পাঁচশত ছিচল্লিশ দশমিক ছয় ছয়) একর এবং ০৭ নম্বর সিটের ১০১.৪০ (একশত এক দশমিক চার শূণ্য) একর একুনে ৮৪২.৩৮ (আটশত বিয়াল্লিশ দশমিক তিন আট) একর জমি অধিগ্রহণের জন্য প্রস্তাব দাখিল করেন। উক্ত প্রস্তাবটি যাচাই-বাছাইঅন্তে ০৪/২০১৮-১৯ নম্বর এলএ কেস হিসেবে রুজু করে অধিগ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। আলোচ্য এলএ কেসটি চূড়ান্ত অনুমোদনের জন্য এ কার্যালয় হতে গত ২৬ জানুয়ারি ২০২০ তারিখে ৩১.১০.৭৮০০.০১৩.০৯.১৬৮.১৮- ৩৭১ নম্বর স্মারকপত্রমূলে সচিব, ভূমি মন্ত্রণালয় মহোদয় বরাবর প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় গত ১৮ মার্চ ২০২০ তারিখে ৩১.০০.০০০০.০৪৮.৪৭.০৫১.১৯- ৬২ নম্বর স্মারকপত্রমূলে শর্ত সাপেক্ষে কেসটি চূড়ান্ত অনুমোদন প্রদান করেন।

এবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ শাখা-১ হতে ১০ ডিসেম্বর ২০১৭ তারিখে ৩১.০০.০০০০.০৪২.০৪.০০১.১৭ (অংশ-১)- ৪৫৪ নম্বর স্মারকে “স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭” বাস্তবায়ন সংক্রান্ত জারিকৃত নির্দেশাবলীর ১২ নম্বর অনুচ্ছেদ মোতাবেক প্রস্তুতকৃত যৌথ তালিকায় (ফিল্ড বুক) কোন আপত্তি থাকলে গণ বিজ্ঞপ্তি জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল/জেলা প্রশাসক, পটুয়াখালী-এর বরাবর দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আপত্তি বাতিল মর্মে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

মো: মতিউল ইসলাম চৌধুরী

জেলা প্রশাসক

পটুয়াখালী।

ফোন : ০৪৪১-৬২৩০০

e-mail : dcpatuakhali@mopa.gov.bd

নম্বর : ৩১.১০.৭৮০০.০১৩.০৯.১৬৮.১৮- ৩৪৬

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
৩১ মে ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল। এক সেট যৌথ তদন্ত (ফিল্ড বুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা মহোদয়ের কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।
০২. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (৭ লেভেল), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী। এক সেট যৌথ তদন্ত (ফিল্ড বুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে, প্রকল্পের নিকটবর্তী সুবিধাজনক স্থানে ও তার কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪. সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া, পটুয়াখালী। এক সেট যৌথ তদন্ত (ফিল্ড বুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫. চেয়ারম্যান, লালুয়া ইউনিয়ন পরিষদ, উপজেলা-কলাপাড়া, পটুয়াখালী। এক সেট যৌথ তদন্ত (ফিল্ড বুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী। এক সেট যৌথ তদন্ত (ফিল্ড বুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭. সিএ-টু-ডিসি, পটুয়াখালী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নয়াকাটা ইউনিয়ন ভূমি অফিস, কলাপাড়া, পটুয়াখালী। এক সেট যৌথ তদন্ত (ফিল্ড বুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯. মাস্টার ফাইল/নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক

পটুয়াখালী।